

উপাচার্যের সাথে মনোবিজ্ঞান বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাৎ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের External Peer Review কমিটির বহিঃসদস্যবৃন্দ ৩১ মে-২০১৮, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

External Peer Review কমিটির সদস্য শ্রীলঙ্কার জয়বর্ধনপুরা বিশ্ববিদ্যালয়ের Dr. S. T. W. S. Yapa, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল লতিফ ও কুষ্টিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কাজী অকতার হোসেন উপাচার্যের সাথে সাক্ষাৎ করেন।

এছাড়াও এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, মনোবিজ্ঞান বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট (SA) কমিটির প্রধান অধ্যাপক ড. অশোক কুমার সাহা ও অধ্যাপক ড. নূর মোহাম্মদ উপস্থিত ছিলেন।